

স্মারক:- ইআবি/পরি/কামিল অধিভুক্তি/২০১৭/১৬৮৫

তারিখঃ ১২ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ
২৮ অক্টোবর, ২০২১ খ্রিষ্টাব্দ


অফিস আদেশ

বিশ্বনাথ দারুল উলুম ইসলামিয়া কামিল মাদরাসা, ডাকঘর: বিশ্বনাথ, উপজেলা: বিশ্বনাথ, জেলা: সিলেট (BISWANATH DARUL UIUM ISLAMIAH KAMIL MADRASHA, EIIN-130206) এর কামিল (স্নাতকোত্তর) তাফসীর বিভাগ অধিভুক্তির বিষয়ে অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে অধিভুক্তি কমিটির ৭ম সভার ১.খ সিদ্ধান্তের আলোকে গত ১৭.১০.২০২১ খ্রি. অনুষ্ঠিত অধিভুক্তি কমিটির ৮ম সভার সুপারিশ (আলোচ্যসূচি ও সিদ্ধান্ত-২.ক) এবং ২৬.১০.২০২১ খ্রি. অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৯ম সভার সুপারিশ (আলোচ্যসূচি ও সিদ্ধান্ত-২) ২৭.১০.২০২১ খ্রি. অনুষ্ঠিত সিডিকেটের ১৭তম সভায় অনুমোদনের (আলোচ্যসূচি ও সিদ্ধান্ত-২) পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তে কামিল (স্নাতকোত্তর) তাফসীর বিভাগ ১৪.০৩.২০২১ খ্রি. থেকে ১৩.০৩.২০২৫ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত করা হল।

শর্তসমূহ

১. কামিল শ্রেণিতে শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি এবং শ্রেণিকক্ষে উপস্থিতি নিশ্চিত করতে হবে।
২. শ্রেণিকক্ষে মূল কিতাব/বই এর ব্যবহার নিশ্চিত করতে হবে।
৩. জেনারেল ও রিজার্ভ ফান্ডের পরিমাণ বৃদ্ধি করতে হবে।
৪. মাদরাসার সাইনবোর্ডে বাংলার সাথে আরবিতে মাদরাসার নাম ও “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
৫. বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই দিয়ে বঙ্গবন্ধু কর্নারকে সমৃদ্ধ করতে হবে।
৬. একাডেমিক, প্রশাসনিক, ও আর্থিকসহ সকল কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করতে হবে।
৭. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তি নবায়নের জন্য আবেদন করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

 28.10.2021
(ড. জাবেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মোবাইল নম্বর- ০১৭১৪-২০২০৬৬

ই-মেইলঃ zavedahmad66@gmail.com

অধ্যক্ষ

বিশ্বনাথ দারুল উলুম ইসলামিয়া কামিল মাদরাসা,
ডাকঘর: বিশ্বনাথ, উপজেলা: বিশ্বনাথ, জেলা: সিলেট।

স্মারক:- ইআবি/পরি/ফাজিল অধিভুক্তি/২০১৭/১৬৮৫

তারিখঃ ১২ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ
২৮ অক্টোবর, ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

৮. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
৯. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
১০. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১১. পি এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১২. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৩. সভাপতি, বিশ্বনাথ দারুল উলুম ইসলামিয়া কামিল মাদরাসা, ডাকঘর: বিশ্বনাথ, উপজেলা: বিশ্বনাথ, জেলা: সিলেট।
১৪. অফিস নথি।



(মোঃ আবদুল হান্নান)
সেকশন অফিসার

মোবাইল নম্বর- ০১৮৪২-৮১৬৯২০

ই-মেইলঃ sabbir.iau.bd@gmail.com